



পিআর পদ্ধতিতে নির্বাচনের সিদ্ধান্ত জনগণের হাতে ছেড়ে দিতে হবে: আমীর খসরু



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, পিআর (Proportional Representation) পদ্ধতিতে নির্বাচনের প্রশ্নে চূড়ান্ত সিদ্ধান্ত জনগণের ওপরই ছেড়ে দিতে হবে। তিনি মনে করেন, এ বিষয়ে সব দলের মধ্যে ঐকমত্য না হলেও আলোচনা সংসদে হতে পারে।

পিআর পদ্ধতির পক্ষে থাকা রাজনৈতিক দলগুলোর সঙ্গে নির্বাচন কমিশনের সব বিষয়ে ঐকমত্য হওয়া সম্ভব নয় বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী।

শনিবার (১১ অক্টোবর) দুপুরে রাজধানীতে আয়োজিত এক সেমিনারে তিনি বলেন, “পিআর পদ্ধতির বিষয়ে গণভোট আয়োজনের দায়িত্ব জনগণ রাজনৈতিক দলগুলোকে দেয়নি। তাই এটি জনগণের ওপরই ছেড়ে দেওয়া উচিত।”

তিনি আরও বলেন, “কোনো দলের দাবি না মানলে আলোচনা অর্থহীন বলা যায় না। গণতন্ত্রে মতবিরোধ থাকতেই পারে—এগুলোর সমাধান সংসদেই হওয়া উচিত।”

রাজনৈতিক সংস্কৃতিতে সহনশীলতার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে আমীর খসরু বলেন, “অন্যের মতের প্রতি শ্রদ্ধা না থাকলে আলোচনা ফলপ্রসূ হবে না। সংলাপের পরিবেশ তৈরি করতে হলে সহনশীল হতে হবে।”

একই অনুষ্ঠানে জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেন, “বাংলাদেশের নির্বাচন ব্যবস্থায় বিদ্যমান ত্রুটি দূর করতে পিআর পদ্ধতির প্রয়োগ অত্যন্ত জরুরি।”